



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd

স্মারকনং সিশিৰো/পনি/এসএসসি/২০১৯/২২০

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ

১৭ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

আসন্ন ২০২০ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্র সংক্রান্ত বিজ্ঞপ্তি :

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেট এর আওতাধীন জেএসসি/এসএসসি পরীক্ষার সকল কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের জেএসসি পরীক্ষার বিভিন্ন কেন্দ্র পরিদর্শনে আসন বিন্যাস, ভেন্যু নির্বাচন, প্রত্যবেক্ষক নিয়োগ প্রত্বন্তি ক্ষেত্রে পরীক্ষা পরিচালনা নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হয়নি মর্মে বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে যা মোটেই কাম্য নয়।

এমতাবস্থায় আসন্ন ২০২০ সালের এসএসসি পরীক্ষায় পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুসরণপূর্বক আসন বিন্যাস, ভেন্যু নির্বাচন ও প্রত্যবেক্ষক নিয়োগসহ নিম্নোক্ত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে। অন্যথায় কেন্দ্র বাতিলসহ কেন্দ্র সচিবগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ১। কেন্দ্রের সীমানার ভেতরে বা একই ক্যাম্পাসে কোন ভেন্যু রাখা যাবে না।
- ২। কোন প্রাইমারী স্কুল বা কলেজে ভেন্যু রাখা যাবে না।
- ৩। মূল কেন্দ্রের এক এর অধিক ভেন্যু রাখা যাবে না।
- ৪। আসন বিন্যাসের ক্ষেত্রে ৬(ছয়) ফুট বেঞ্চে ২ জন এবং ৪(চার) ফুট বেঞ্চে ১ জন করে পরীক্ষার্থী বসাতে হবে।
- ৫। কোন পরীক্ষার্থী তার নিজ প্রতিষ্ঠানে বা ক্যাম্পাসে পরীক্ষা দিতে পারবে না।
- ৬। প্রত্যবেক্ষক নিয়েগের ক্ষেত্রে কোন অবস্থাতেই একই প্রতিষ্ঠানের শিক্ষক ঐ প্রতিষ্ঠানের শিক্ষার্থীর কক্ষে দায়িত্ব পালন করতে পারবে না।
- ৭। যেহেতু পরীক্ষা পরিচালনা নীতিমালা যথাযথ অনুসরণপূর্বক পরীক্ষা গ্রহণ করতে হবে সেহেতু একটিমাত্র ভেন্যুসহ কেন্দ্রে পরীক্ষার্থীর ধারণক্ষমতা উল্লেখপূর্বক যাবতীয় তথ্যাদি যথাশীল বোর্ডকে অবহিত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

-৩০২৪১-

১৭১১। ২০১৯

(মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

ফোন ০৮২১-৮৪০০৮৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। কেন্দ্র সচিব, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন জেএসসি ও এসএসসি পরীক্ষার সকল কেন্দ্র।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের সকল উপজেলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।